মেহেরপুরে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের শিক্ষক ও সুপারভাইজারদের মাসিক সমন্বয় সভা

উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ সুরুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য দেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ।

সভায় বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাইসহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। মেহেরপুর সদর উপজেলার ৭০ জন শিখন কেন্দ্রের শিক্ষক ও সুপারভাইজারগণ অংশগ্রহণ করেন।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক মেহেরপুর জেলায় আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচী বাস্তবায়ন করছে।